# 2023

# 6th Semester Examination

# BENGALI (Honours)

## Paper : DSE 3-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## [গদ্যসাহিত্য পাঠ]

## বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ''বড় বাড়াবাড়ি করলে ওকে আর ওর গুরুকে একেবারে বিসর্জ্জন দিব।'' — এখানে 'ওকে' এবং 'ওর গুরুকে' বলতে কাদের বোঝানো হয়েছে?

২। ঠক্চাচার প্রকৃত নাম কী? তার নাম ঠক্চাচা কেন হয়েছিল?

৩। 'আলালের ঘরের দুলাল'-এ বাবুরাম বাবুর কয়টি কন্যা ছিল? তাদের নাম কী কী?

P.T.O.

৪। "বুঝি আমার কপালে বিয়ে নাই।" — কার, কখন এমন কথা মনে হয়েছিল?

৫। 'আলালের ঘরের দুলাল' কবে গ্রন্থাকারে প্রকাশিত হয়? গ্রন্থটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?

৬। 'পতঙ্গ' প্রবন্ধটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

৭। 'পতঙ্গ' প্রবন্ধে 'ভোগ-বহ্নির পতঙ্গ' এবং 'রূপ-বহ্নির পতঙ্গ' হিসেবে লেখক কাদের কথা উল্লেখ করেছেন?

৮। "আহারাভাবে উদর কৃশ, অস্থি পরিদৃশ্যমান, লাঙ্গুল বিনত।" — উক্তিটির উৎস নির্দেশ করো। 'লাঙ্গুল' কথার অর্থ কী?

৯। বঙ্কিমচন্দ্রের 'কমলাকান্তের দপ্তর' কোন্ শ্রেণীর রচনা? এতে পাশ্চাত্যের কী প্রভাব রয়েছে?

১০। "তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ" — কোন্ প্রবন্ধের অংশ? এটি কার উক্তি?

১১। "খুশ গল্প লিখব বলে কলম ধরেছিলুম।" — কোথা থেকে অংশটি গৃহীত? লেখক কোন্ গল্পের কথা বলেছেন?

১২। "পুস্তকের মোকদ্দমায় তিনি বাদশা-সালামৎকে উদ্দেশ্য করে বলেন।"— কোন্ পুস্তকের কথা বলা হয়েছে? লেখকের অনুসরণে 'মোকদ্দমা' কথাটির অর্থ নির্দেশ করো।

১৩। " 'হরি' শব্দের কটা মানে হয়, আমি সত্যিই জানি নে- কান

ছুঁয়ে বলছি।" — কোন্ প্রবন্ধের অংশ? লেখকের উদ্ধৃত 'জামাই ঠকানো' কবিতাটির প্রথম পংক্তিটি লেখো।

১৪। প্রাচীন ইরানে পঞ্চতন্ত্র কবে, কোন্ ভাষাতে অনূদিত হয়েছিল?

১৫। আরবীতে পৌঁছতে গিয়ে বিষ্ণুশর্মা নামটি কোন্ নামে রূপান্তরিত হয়ে যায়? সেই অনুসারে তাঁর নাম কী কী লেখা হয়?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। 'আলালের ঘরের দুলাল'-এ তৎকালীন বাবুসমাজের যে বাস্তবচিত্র প্রকাশিত হয়েছে তার বর্ণনা দাও।

১৭। 'আলালের ঘরের দুলাল'-এর ভাষাশৈলী বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

১৮। 'আমার মন' প্রবন্ধের হাস্যরসের স্বরূপ বিচার করো।

১৯। "মনুষ্য মাত্রেই পতঙ্গ।" — বঙ্কিমের এ উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো।

২০। তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে সৈয়দ মুজতবা আলীর রচনাশৈলীর বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

২১। 'ঐতিহাসিক উপন্যাস' অবলম্বনে 'ঐতিহাসিক রস' বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

P.T.O.

## বিভাগ - গ

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। ''আলালের ঘরের দুলাল'-এ নায়ক চরিত্র বাবুরামবাবু নাকি মতিলাল'' — এ বিষয়ে তোমার মতামত জ্ঞাপন করো।

২৩। 'একটি গীত' রচনা অবলম্বনে বঙ্কিমচন্দ্রের স্বদেশপ্রীতির পরিচয় দাও।

২৪। 'কমলাকান্তের দপ্তর' কী জাতীয় রচনা আলোচনা করো।

২৫। 'বইকেনা' প্রবন্ধটি রম্যরচনা হিসেবে কতখানি সার্থক হয়েছে তা মূল্যায়ন করো।

---

অথবা

[কাব্যসাহিত্য পাঠ]

বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'বিস্মরণী' কাব্য কবে প্রকাশিত হয়? কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে?

২। 'বিস্মরণী' কাব্যে কয়টি কবিতা আছে? প্রথম ও শেষ কবিতার শিরোনাম কী?

৩। 'বিস্মরণী' কাব্যের 'পান্থ' কবিতায় কয়টি স্তবক রয়েছে? এটি কার উদ্দেশ্যে রচিত?

৪। "নেহারিবে যবে নর জ্বলদর্চ্চিশিখা" — কোন্ কবিতার অংশ? 'জ্বলদর্চ্চি' কথার অর্থ কী?

৫। 'বিস্মরণী' কাব্যের 'নূরজাহান ও জাহাঙ্গীর' কবিতায় উল্লিখিত স্থান ও কাল লেখো। এটি এই কাব্যের কততম কবিতা?

৬। 'পারাপার' কাব্যে মোট কবিতার সংখ্যা কয়টি? প্রথম ও শেষ কবিতার নাম লেখো।

৭। 'পারাপার' কাব্য কবে প্রকাশিত হয়? কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছিল?

৮। 'বৃষ্টি' কবিতায় কার, কোন্ রচনার প্রভাব আছে?

P.T.O.

৯। ‘পারাপার’ কাব্যের ‘সাবেকি’ কবিতায় কোন্ কামারের নাম পাওয়া যায়? এখানে ‘রাম নাম সত হ্যায়’ চরণটি মোট কতবার ব্যবহৃত হয়েছে?

১০। ‘‘কে যে কাকে কেন প্রাণে ঢাকে।’’ — কার, কোন্ কবিতার অংশ? চরণটিতে কোন্ অলঙ্কার দেখা যায়?

১১। ‘‘তলে তলে চেতনার নিবিড় তরঙ্গ আলিপনে’’ — কোন্ কবিতা থেকে গৃহীত? ‘আলিপনে’ কথার অর্থ কী?

১২। ‘যৌবন বাউল’ কাব্যের মোট কবিতার সংখ্যা লেখো। এই কাব্যের প্রথম ও শেষ কবিতাগুলি কী কী?

১৩। ‘যৌবন বাউল’ কাব্যের প্রকাশকাল লেখো। এই কাব্য কাকে উৎসর্গ করা হয়েছে?

১৪। ‘নব তীর্থঙ্কর’ কবিতা কোন্ দুটি বীর যুবকের আত্মোৎসর্গ উপলক্ষে রচিত হয়েছে?

১৫। ‘‘তোমার সময় থেকে বহুদূর শতাব্দীর তীরে/জয়শ্রীজীবন পাব ফিরে’’— কার লেখা কোন্ কবিতার অংশ?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। ‘বিস্মরণী’ কাব্যের ‘কালাপাহাড়’ কবিতার মূল ভাববস্তু লেখো।

১৭। ‘‘জানি, তোমার বুকের মাঝে লেখা যে তার নাম!’’ — তাৎপর্য ব্যাখ্যা করো।

১৮। 'পারাপার' কাব্যের নামকরণের সার্থকতা আলোচনা করো।

১৯। 'পারাপার' কাব্যের 'বৃষ্টি' কবিতার শিল্পরূপ বিশ্লেষণ করো।

২০। 'যৌবন বাউল' কাব্য অবলম্বনে কবি অলোকরঞ্জন দাশগুপ্তের কবিপ্রতিভার বৈশিষ্ট্য নির্দেশ করো।

২১। 'যৌবন বাউল' কাব্যে কবির **ঈশ্বরবিশ্বস্ততা** সম্পর্কে আলোচনা করো।

## বিভাগ - গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'বিস্মরণী' কাব্যের 'পান্থ' কবিতার একটি রসগ্রাহী আলোচনা করো।

২৩। 'বিস্মরণী' কাব্যের নামকরণের সার্থকতা পর্যালোচনা করো।

২৪। 'পারাপার' অনুসরণে অমিয় চক্রবর্তীর কবিপ্রতিভার মূল্যায়ন করো।

২৫। 'যৌবন বাউল' কাব্যের মূল সুরটি বিবৃত করো।

অথবা

**[নাট্যসাহিত্য পাঠ]**

**বিভাগ - ক**

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'চন্দ্রগুপ্ত' নাটকে "ঐ মহাসিন্ধুর ওপার থেকে" গানটি কোন্ অঙ্কের কোন্ দৃশ্যে কারা গেয়েছে?

২। "সত্য সেলুকাস! কি বিচিত্র এই দেশ!"— কোন্ অঙ্কের কোন্ দৃশ্যে কে এই উক্তি করেছেন?

৩। 'চন্দ্রগুপ্ত' নাটকের আন্টিগোনসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। "হৃদয়ের মধ্যে কি আর প্রবৃত্তি নাই?"— কে এই প্রশ্ন করেছে? তার মতে হৃদয়ের প্রবৃত্তি কী কী হওয়া উচিত?

৫। "মাতৃহারা কন্যা আমার!" — বক্তা কে? কার উদ্দেশ্যে এই কথা বলেছে?

৬। 'সাজানো বাগান' কবে রচিত হয়? এই নাটক প্রথম কবে, কোথায় অভিনীত হয়েছিল?

৭। 'সাজানো বাগান' নাটকের জমিদারের দুই ছেলের নাম কী? তারা কী করে?

৮। "মাত্র এক টাকার জন্যে একটা মানুষ মারবো!"— বক্তা কে? তার এমন কথা বলার কারণ কী?

৯। "আমার নামে ফলক বসাবে।" — কে ফলক বসাবে? ফলকে কী লেখা থাকবে?

১০। 'সাজানো বাগান' নাটকের চলচ্চিত্রায়ন কে, কবে করেন? চলচ্চিত্রের নামটি কী?

১১। "বড় মিঠে লাগছে কিন্তু।" — কোন্ নাটকের অংশ? কে, কাকে একথা বলেছে?

১২। "এ আমার দৈনন্দিন ক্ষরণ।" — কার উক্তি? কেন 'দৈনন্দিন ক্ষরণ' বলা হয়েছে?

১৩। 'শিককাবাব' একাঙ্কটির উৎস কী? এই একাঙ্কের নারী চরিত্রটির নাম কী?

১৪। "মাতৃদোষে রাবণ রাইক্ষস।" — উৎস নির্দেশ করে কে, কার প্রতি এই উক্তি করেছে লেখো।

১৫। "তুমিই বোধ হয় দিল্লিতে রিজিয়া হয়ে জন্মেছিলে।" — কার উক্তি? কেন এই কথা বলেছেন?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। 'চন্দ্রগুপ্ত' নাটকে উল্লিখিত ডায়োজিনিস এবং ডিমস্থিনিস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৭। 'চন্দ্রগুপ্ত' নাটকে সঙ্গীত ব্যবহারের তাৎপর্য পর্যালোচনা করো।

P.T.O.

১৮। 'সাজানো বাগান' কী জাতীয় নাটক আলোচনা করো।

১৯। 'সাজানো বাগান' নাটকের নির্মাণশৈলী বিশ্লেষণ করো।

২০। একাঙ্ক হিসেবে 'চৌর্যানন্দ' কতখানি সার্থক আলোচনা করো।

২১। 'এক পশলা বৃষ্টি' একাঙ্কের সরমা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ – গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'চন্দ্রগুপ্ত' নাটকের নায়ক চরিত্র হিসেবে চন্দ্রগুপ্তের ভূমিকা বিশ্লেষণ করো।

২৩। 'সাজানো বাগান' নাটকের কেন্দ্রীয় চরিত্রটি মূল্যায়ন করো।

২৪। ট্র্যাজেডি হিসেবে 'রাজপুরী' একাঙ্কের সার্থকতা বিচার করো।

২৫। 'চন্দ্রগুপ্ত' নাটকের ভাষা-সংলাপ ব্যবহারে নাট্যকারের কৃতিত্ব বিচার করো।

---